

Times Today BD

সিনিয়র রিপোর্টার | ক্যাম্পাস | 16 May, 2025

অন্তর্বর্তী সরকারের তথ্য ও সম্প্রচার উপদেষ্টা মাহফুজ আলমকে পানির বোতল নিক্ষেপ করা জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) অর্থনীতি বিভাগের ১৯তম ব্যাচের শিক্ষার্থী ইশতিয়াক হোসেনকে নিয়ে উল্লাসে মেতেছেন আন্দোলনকারীরা।

শুক্রবার (১৬ মে) রাত ৮টার দিকে কাকরাইল মোড়ে ইশতিয়াক পৌঁছালে আন্দোলনকারীরা তাকে কাঁধে তুলে উল্লাস করেন।

এর আগে ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) গোয়েন্দা বিভাগ (ডিবি) জানিয়েছিল, তথ্য উপদেষ্টা মাহফুজ আলমের ওপর পানির বোতল নিক্ষেপের ঘটনায় একজনকে আটক করা হয়। তিনি জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষের শিক্ষার্থী। ভিডিও ফুটেজ বিশ্লেষণ করে বৃহস্পতিবার রাতে তাকে আটক করা হয়।

পরে শুক্রবার বিকেলে ডিএমপির এক খুদে বার্তায় জানানো হয়, উপদেষ্টার ওপর পানির বোতল নিক্ষেপকারীকে রাজধানীর মিন্টা রোডে ডিবি কার্যালয়ে এনে জিজ্ঞাসাবাদ করা হয়। জিজ্ঞাসাবাদ শেষে তাকে তার অভিভাবকের কাছে হস্তান্তর করা হয়েছে।

সরেজমিনে দেখা যায়, বোতল নিক্ষেপকারী শিক্ষার্থী ইশতিয়াককে কয়েকজন সহপাঠী কাঁধে তুলে নেয়। তার নামে স্লোগান দেন আন্দোলনকারীরা। মজার ছলে তার দিকে খালি পানির বোতলও নিক্ষেপ করতে দেখা যায়।

আন্দোলনকারী শিক্ষার্থী জহিরুল ইসলাম বলেন, ইশতিয়াক অর্থনীতি বিভাগের ১৯তম ব্যাচের শিক্ষার্থী। সে নিজের বিশ্ববিদ্যালয়ের দাবির প্রতি সমর্থন জানিয়ে শুরু থেকে আন্দোলন করে আসছে।

তিনি বলেন, তথ্য উপদেষ্টাকে বোতল নিক্ষেপ করার ঘটনায় তাকে গতকাল রাতে আটক করা হয়েছিল। আজকে জিজ্ঞাসাবাদ শেষে সন্ধ্যায় ছেড়ে দেওয়ার হয়েছে। সেখান থেকে এখন সে আবার আন্দোলন যুক্ত হয়েছে। এ কারণে সবাই তাকে নিয়ে উল্লাস করছে।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় বিক্ষোভ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 04:41

URL: <https://www.timestodaybd.com/public/campus/2568573642>